

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.৩২৬.২০১৯/ ৫০৮২/৩

তারিখ: ২৩/০৭/১৪২৬বঙ্গাব্দ  
২৩/১১/২০১৯খ্রিস্টাব্দ

**বিষয়:** পাবনা জেলার সদর উপজেলাধীন শহীদ সাধন সঙ্গীত মহাবিদ্যালয়ের অধ্যক্ষ মনিরা পারভীন এর স্বেচ্ছাচারিতার বিরুদ্ধে অভিযোগ।

**সূত্র:** পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী এর পত্র নং-মাউশি/রাজ/২০১৯/৯০৪;  
তারিখ: ২৩/০৫/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার সদর উপজেলাধীন শহীদ সাধন সঙ্গীত মহাবিদ্যালয়ের অধ্যক্ষ মনিরা পারভীন এর স্বেচ্ছাচারিতার বিরুদ্ধে কলেজের ২০ জন শিক্ষক-কর্মচারী অভিযোগ করেন যে, এই প্রতিষ্ঠানে নিয়ম বহির্ভূতভাবে অযোগ্য, অসৎ অধ্যক্ষ মনিরা পারভীন নিয়োগ প্রাপ্তির পর থেকেই স্বেচ্ছাচারিতা অনিয়ম ক্ষমতার অপব্যবহার ও অর্থ আত্মসাৎ খারাপ আচরণসহ এহেন আচরণ নাই যে তিনি করেন না। অধ্যক্ষ মনিরা পারভীনের আচরণে কলেজের সকল শিক্ষক-কর্মচারী, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ এমনকি শুধু মাত্র সভাপতি ব্যতিরেকে গভর্নিং বডি'র সকল সদস্য অতিষ্ঠ। তার আচরণে সবাই ক্ষুব্ধ হওয়ার কারণে এবং কলেজ পরিচালনার ক্ষেত্রে তার অযোগ্যতা ও অনীহার কারণে দিন দিন কলেজটি নিম্ন পথে পতিত হচ্ছে। প্রতিবছর শিক্ষার্থীর ভর্তির হার হ্রাস পাচ্ছে ইত্যাদি। বিষয়টি সরেজমিন তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহীকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

**তদন্ত কর্মকর্তার মতামত:** সরেজমিন তদন্তকালে অধ্যক্ষ ও অভিযোগকারী শিক্ষকবৃন্দের মধ্যে সম্পর্কের চরম অবনতির বিষয়টি দৃশ্যমান হয়েছে। শিক্ষকগণ কর্তৃক শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে যথাযথ দায়িত্ব পালনের পরিবেশ লক্ষ করা যায়নি। শিক্ষকগণ অধ্যক্ষের বিরুদ্ধে যে সকল অভিযোগ দাখিল করেছেন সেগুলির মধ্যে তাঁর (অধ্যক্ষের) ত্রুটিপূর্ণ নিয়োগ প্রক্রিয়ার সত্যতা পাওয়া গেছে। অভিযোগকারী শিক্ষকগণ অন্যান্য অভিযোগের প্রমাণক সরবরাহ করতে পারেননি। অধ্যক্ষ ও শিক্ষকবৃন্দের পারস্পরিক সম্পর্কের অবনতির কারণে প্রতিষ্ঠানটিতে পাঠদান কার্যক্রমের পরিবেশ প্রায় অচল হয়ে পড়েছে। সরেজমিন তদন্তের পর বিদ্যমান সংকটের প্রেক্ষাপটে দীর্ঘ সময় প্রতিষ্ঠানটির কার্যক্রম পর্যবেক্ষণ করা হয়েছে। কিন্তু সার্বিকভাবে ইতিবাচক পরিবেশ সৃষ্টির প্রয়াস লক্ষ করা যায়নি। শিক্ষক-কর্মচারীদের এমপিও অব্যাহত রাখার জন্য বিদ্যমান বিধি মোতাবেক অধ্যক্ষ নিয়োগ এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর আলোকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীর সংখ্যা ও উত্তীর্ণের শতকরা হারের শর্ত পূরণ হওয়া আবশ্যিক।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার মতামত অনুযায়ী প্রতিষ্ঠানটির অনিয়ম বিষয়ে কারণ ব্যাখ্যা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৩.১১.১৯  
(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
ফোন নং-৯৫৫৬০৫৭  
Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ  
শহীদ সাধন সঙ্গীত মহাবিদ্যালয়  
সদর, পাবনা

অনুলিপি:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, শহীদ সাধন সঙ্গীত মহাবিদ্যালয়, সদর, পাবনা;
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
- ৩। সংরক্ষণ নথি।